দৈনিক বাংলা

তারিখ 29 JUL 1995
পৃষ্ঠা ৪ কলাম ৬

24

# কৃষি ভার্সিটির ভিসির বাড়িতে হামলার নিন্দা

স্টাফ রিপোর্টার ঃ ময়মনসিংহ, ২৮ জুলাই।–বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের গণতান্ত্রিক শিক্ষক ফোরাম ভিসির সরকারী বাসভবনে একদল বিক্ষুব্ধ ছাত্র কর্তৃক ইটপাটকেল নিক্ষেপ ও বাসভবনের ব্যাপক ক্ষতিসাধনের ঘটনার তীব্র প্রতিবাদ ও নিন্দা জানিয়েছেন।

গণতান্ত্রিক শিক্ষক ফোরামের সভাপতি প্রফেসর ডাঃ মুহাম্মদ হোসেন ও সাধারণ সম্পাদক প্রফেসর ডঃ সৈয়দ সাখাওয়াত হোসেন স্বাক্ষরিত বিবৃতিতে কর্তৃপক্ষের কাছে ঘটনার কারণ অনুসন্ধানসহ এর সাথে জড়িত ব্যক্তিদের বিশ্ববিদ্যালয়ের প্রচলিত আইন অনুযায়ী শাস্তি দাবী করেন। নেতৃবৃন্দ বিশ্ববিদ্যালয়ের সর্বক্ষেত্রে আইনের শাসন প্রতিষ্ঠার পদক্ষেপ গ্রহণ জরুরী বলে অভিমত ব্যক্ত করেন।